

হাম রুবেলা টিকা দেয়ার পর অসুস্থ ১২৫ স্কুল শিক্ষার্থী

■ ইত্তেফাক ডেস্ক

হাম রুবেলা টিকা দেয়ার পর কিনাইদহ সদর উপজেলা ও গোপালগঞ্জের মুকসুদপুরে প্রায় ১২৫ স্কুল শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছে। তাদের কয়েকজনকে হাসপাতালে ও হাস্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। ইত্তেফাকের প্রতিনিধি ও মবোদদাতার পাঠানো খবর।

ক্রিয়ামাণ প্রতিনিধি: কিনাইদহ সদর উপজেলার গোয়ালপাড়ার অধ্যক্ষ মোশারফ হোসেন-সালেয়া খাতুন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে হাম রুবেলা টিকা দেয়ার পর প্রায় ১৭ ছাত্র-ছাত্রী অসুস্থ হয়ে পড়ে। এদের মধ্যে ৫০ জনের ওপর ছাত্র-ছাত্রীকে জেলা সদর হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেয়া হয়। এই গণঅসুস্থতার ঘটনা গতকাল বুধবার দুপুরে ঘটে।

পৃষ্ঠা ২ কলাম ১

হাম রুবেলা টিকা

২০ পৃষ্ঠার পর
সদর হাসপাতালে আবাসিক মেডিক্যাল অফিসার রশেদ আল মামুন বলেন, ছাত্র-ছাত্রীরা ম্যাস সাইকোলজিক্যাল ইলনেশ রোগে আক্রান্ত হয়েছে। জেলার সিনিয়র সার্জন ডা. নাসরিন সুলতানা জানান, শারীরিক দুর্বলতার কারণে এ রকম হয়েছে।

গোপালগঞ্জ প্রতিনিধি: হাম রুবেলা টিকা দেয়ার জেলার মুকসুদপুরে গতকাল বাটিকামারী উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুকসুদপুর পাইলট বিদ্যালয় ও মান্দারতলা-বাহারা মহিলা মাদ্রাসামহ বিভিন্ন স্কুল প্রতিষ্ঠানের অন্তত ২৫ শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ে। এদের মধ্যে ১০ শিক্ষার্থীকে মুকসুদপুর উপজেলা হাস্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। মুকসুদপুর উপজেলা হাস্য কমপ্লেক্সের হাস্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডা. এ আর দাস বলেন, অসুস্থ শিক্ষার্থীরা ধীরে ধীরে সুস্থ হচ্ছে। জেলা সিনিয়র সার্জন ডা. মো. সিরাজুল ইসলাম বলেন, এতে আতঙ্কিত হওয়ার কিছু নেই।